

খাবারের দোষ-গুণ বর্ণনা

আল্লাহর রসূল ﷺ কোন সময় খাবারের দোষ বর্ণনা করতেন না। আবু হুরাইরা رضي الله عنه বলেন,

مَا عَابَ رَسُولُ اللَّهِ ﷺ طَعَامًا قَطُّ ، إِذِ اشْتَهَاهُ أَكَلَهُ ، وَإِنْ كَرِهَهُ تَرَكَهُ .
متفقٌ عليه

অর্থাৎ, ‘রাসূলুল্লাহ ﷺ কখনো কোন খাবারের দোষ বর্ণনা করেননি। ভাল লাগলে তিনি তা খেয়েছেন এবং খারাপ লাগলে তিনি তা ত্যাগ করেছেন।’ (বুখারী ও মুসলিম)

পক্ষান্তরে কোন খাবারের গুণ বর্ণনা করা অথবা প্রশংসা করা মুস্তাহাব অথবা বৈধ। জাবের رضي الله عنه বলেন,

أَنَّ النَّبِيَّ ﷺ سَأَلَ أَهْلَهُ الْأُدْمَ ، فَقَالُوا : مَا عِنْدَنَا إِلَّا خَلٌّ ، فَجَعَلَ يَأْكُلُ ، وَيَقُولُ : ((نَعَمَ الْأُدْمُ الْخَلُّ)) . رواه مسلم

অর্থাৎ, একদা নবী ﷺ নিজ পরিবারের কাছে তরকারি চাইলেন। তারা বলল, ‘আমাদের নিকট সর্কা ছাড়া আর কিছুই নেই।’ তিনি তাই চাইলেন এবং (তা দিয়ে) আহার করতে থাকলেন ও বলতে থাকলেন, “সর্কা কতই না চমৎকার তরকারি। সর্কা কতই না ভাল ব্যঞ্জন।” (মুসলিম)